গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
উলিপুর, কুড়িগ্রাম

স্মারক নং- ৩১.০২.৪৯৯৪.০০০.০২.০৪৭.২৪- ৬৫৮

তারিখ- ২৫ শ্রাবণ ১৪৩৩ / ০৯ আগষ্ট ২০২৬

# নিলাম বিজ্ঞপ্তি নং-০১/২০২৬-২৭

এতদ্বারা কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলাধীন সমগ্র দেশে শহর ও পৌর/ভূমি অফিস নির্মাণ প্রকল্পের আওতায় বুড়াবুড়ি ইউনিয়ন ভূমি অফিস ও পৌর ভূমি অফিস নির্মাণ কাজের নির্ধারিত স্থানে বুড়াবুড়ি ইউনিয়ন ভূমি অফিসের পুরাতন ভবন, ০৪(চার) টি ইউক্লিপটাস গাছ ও পৌর ভূমি অফিস নির্মাণ কাজের নির্ধারিত স্থানে ০২ (দুই) টি কদম, ০১ (এক) টি ডুমুর এবং ০১(এক) টি আমগাছ আগামী ১৬/০৮/২০২৬খ্রি. তারিখ দুপুর ১২:০০ ঘটিকায় প্রকাশ্য নিলাম ডাক করা হবে। নিলাম ডাকের জন্য অংশগ্রহণকারী আগ্রহী ব্যক্তি/নিলাম ডাককারীগণ নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত হয়ে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ডাকে অংশগ্রহণ করতে পারবেন। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন নিলাম গ্রহণ বা সকল নিলাম বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

শর্তাবলীঃ

০১। নিলাম ডাকের পূর্বে ২০,০০০/- (বিশ হাজার) টাকার পে-অর্ডার জামানত হিসাবে সহকারী কমিশনার (ভূমি), উলিপুর, কুড়িগ্রাম এর অনুকূলে জমা প্রদান করে ডাকে অংশ গ্রহণ করতে হবে এবং সাথে জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি ও TIN সার্টিফিকেটের সত্যায়িত কপি জমা দিতে হবে।

০২। অনুমোদিত সর্বোচ্চ নিলাম ডাককারীকে নিলাম ডাকের ০২ (দুই) দিনের মধ্যে অবশ্যই ডাকের সম্পূর্ণ টাকা জমা দিয়ে কার্যাদেশ গ্রহণ করতে হবে। কার্যাদেশ গ্রহনের ০৫ (পাঁচ) দিনের মধ্যে ভূমি অফিসের পুরাতন ভবন ও গাছ অপসারণ করতে হবে।

০৩। নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই ভূমি অফিসের পুরাতন ভবন ও গাছ সতর্কতার সাথে অপসারণ করতে হবে। এ ব্যাপারে কোন সময় বর্ধিত করা যাবে না। অপসারণ করিবার সময় কোন প্রকার দূর্ঘটনা বা ক্ষয়ক্ষতি হইলে নিলাম ডাককারী দায়ী থাকিবেন।

০৪। নির্ধারিত সময়ের মধ্যে নিলাম ডাকের সম্পূর্ণ টাকা জমা দিতে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্ত বলে গণ্য হবে।

০৫। দরপত্র দাতাকে বিধি মোতাবেক ডাককৃত মূল্যের উপর ১৫% ভ্যাট ও ১০% আয়কর জমা দিয়ে চালানের কপি অত্র দপ্তরে জমা দিতে হবে।

০৬। সাইড (বর্তমানে যে অবস্থায় আছে) সরেজমিনে পরিদর্শন করে নিলাম ডাকে অংশ গ্রহণ করা যাবে। এ বিষয়ে পরবর্তীতে কোন প্রকার ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।

০৭। এতদ সংক্রান্ত সকল সরকারি নিয়মকানুন ও নীতিমালা এক্ষেত্রে প্রযোজ্য হবে।

০৮। পে-অর্ডার ১৬/০৮/২০২৫ খ্রিঃ তারিখ সকাল ১১:০০ ঘটিকা পর্যন্ত নির্ধারিত স্থানে গ্রহণ করা যাবে। সকাল ১১:০০ ঘটিকার পর কোন পে-অর্ডার গ্রহণযোগ্য হবে না।

০৯/০৮/২০২৬

(এস এম মেহেদী হাসান)
সদস্য সচিব নিলাম কমিটি
ও
সহকারী কমিশনার (ভূমি)
উলিপুর, কুড়িগ্রাম

অনুলিপিঃ

০১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
০২। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কুড়িগ্রাম।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, উলিপুর, কুড়িগ্রাম।
০৪। উপজেলা বন কর্মকর্তা, উলিপুর, কুড়িগ্রাম।
০৫। অফিস নথি।